রত্নগর্ভা
MAY



An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

PUBLISHED ON:
MAY 2025

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮৬

মে ২০২৫

## ASSOCIATION SAMBAD MAY 2025

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

## সম্পাদকের কলমে

“হে মোর চিত্ত, পূণ্য তীর্থে জাগো রে ধীরে,
এই ভারতের মহামানবের সাগরতীরে।”

আপামর বাঙালির হৃদয়াসনে, রবীন্দ্র নজরুল প্রতিভার বিচ্ছুরণ, বাঙালি সংস্কৃতি কৃষ্টিকে অসামান্য মর্যাদা এবং অমরত্ব এনে দিয়েছে। সভ্যতার সঙ্কট যতই আসুক না কেন, আজও প্রায় প্রতিটি সংস্কৃতি মনস্ক বাঙালির চেতনায়, কবি নজরুল এবং জীবনদেবতা রবিঠাকুর আমাদের শিরায় শিরায় অন্তঃসলিলা নদীর মতো চিরবহমান। ফেলে আসা অতীতে ছাত্রাবস্থা থেকেই দেখেছি, ফি বছর নববর্ষের আড়ম্বরপূর্ণ অনুষ্ঠান শেষে, অন্যতম সেরা আকর্ষণ হিসাবে ২৫শে বৈশাখ এবং ১১ই জ্যৈষ্ঠ, এই দু’টি দিনের বিশেষ প্রস্তুতি নেওয়ার পালা। ছায়া ছায়া দিনের স্মৃতি, উজান বেয়ে মন ছুঁলে অনুভব করি, তখনকার দিনে, গ্রাম গঞ্জ থেকে শুরু করে শহরের প্রায় প্রতিটি বিদ্যালয়ে, পাড়ায় ক্লাবে বেশ ভক্তিপূর্ণ মর্যাদায় পালিত হত রবীন্দ্র নজরুল জয়ন্তী।


দু’চোখ বন্ধ করলে স্মৃতিযাপনে ভেসে আসে, অভিভাবক এবং শিক্ষকদের একান্ত উৎসাহে, পাড়ার কচিকাঁচাদের আধো আধো উচ্চারণে, দুই মনীষীর কবিতার আবৃত্তি। সত্যিই সম্পূর্ণ আলাদা ধরণের এক উন্মাদনা ছিল সেই যাপনে। অতি সাধারণ গোছের একটা হারমোনিয়াম আর তবলার সঙ্গতে, বহু উৎসাহী আবালবৃদ্ধবনিতা প্রাণের ঠাকুরকে, দুখু মিয়াঁকে ভালোবেসে, গান গেয়ে উঠতেন মনের আনন্দে। প্রবাসে রাজধানীর বুকে, সন্তানের প্রতি বাবা মায়ের এই উৎসাহ খুবই কম দেখার সুযোগ পাই। সত্যিই কোথায় যে হারিয়ে গেল সোনালী সেই দিনগুলো, কষ্ট হয়, বড় কষ্ট হয়।

## বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

গত ১৩ই এপ্রিল রবিবার, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একক উদ্যোগে, বিশ্ব নাট্য দিবস’ উপলক্ষ্যে, মুক্তধারা প্রেক্ষাগৃহে, সারাদিন ব্যাপী একগুচ্ছ অনু নাটক মঞ্চস্থ করা হয়েছিল। এই বিশেষ অনুষ্ঠানকে ঘিরে, দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের প্রায় ২০ টি নাট্যদল, এই উদ্যোগে অংশ নিয়ে, তাঁদের প্রযোজিত সেরা নাটকগুলি মঞ্চস্থ করলেন। গতবারের ন্যায়, এবারেও বিশ্বনাট্য দিবসে, আমরা আয়োজন করেছিলাম, “স্টেজ স্ট্রোক শীর্ষক” একটি লুপ্তপ্রায় পোস্টার প্রতিযোগিতার।

এই প্রতিযোগিতার বিশেষ লক্ষ্য হল, পোস্টার ডিজাইন শিল্পকে পুনরুজ্জীবিত করে থিয়েটারের সারমর্ম উদযাপন করা। কারণ আমরা মনে করি, এই বিশেষ উপায়েই, আমরা আমাদের রাজধানী দিল্লির নাটক এবং নাট্যশিল্পীদের কারিগরী দক্ষতাকে সমর্থন করার মাধ্যমে, তাঁদের প্রতিভা এবং সৃজনশীলতাকে নবীন প্রজন্মের সাথে যোগসূত্র ঘটাতে সক্ষম হবো। প্রসঙ্গত উল্লেখ্য, এই বছরে, এই বিশেষ পুরস্কারগুলি প্রদানে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন, দিল্লির সংস্কৃতি জগতে সুপরিচিত, PeSuEv সংস্থার কর্ণধার নীলাদ্রি দেব চৌধুরী।

গত ১৪ই এপ্রিল সোমবার, প্রতি বছরের ন্যায় এবছরেও বেঙ্গল অ্যাসোসিয়েশনের ‘বর্ষ বিদায় বর্ষ বরণ’ অনুষ্ঠান পালিত হয়েছে। সান্ধ্যকালীন এই বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠানে, বেঙ্গল অ্যাসোসিয়েশনের কয়্যার গ্রুপ ছাড়াও, অধ্যাপক ডঃ শ্রুতি বন্দোপাধ্যায়ের নৃত্য পরিচালনায় এবং অধ্যাপক ডঃ সোমনাথ সাহার পরিকল্পনায়, কলকাতার শ্রুতি পারফর্মিং ট্রুপ, ‘রঙে প্রকৃতি’ শীর্ষক একটি অনবদ্য অনুষ্ঠানে,




রবীন্দ্র সঙ্গীত, কবিতা ও পাঠ সহযোগে, রবীন্দ্র নৃত্য পরিবেশন করেছিলেন। এরপর বেঙ্গল অ্যাসোসিয়েশনের বিভিন্ন কর্মকান্ডে বিশেষ সহায়তার জন্য, শ্রী মদন ভঞ্জ-কে, স্মারক উপহার প্রদানের মাধ্যমে, বিশেষ ভাবে সম্মানিত করেছিলেন, আমাদের অ্যাসোসিয়েশনের প্রাক্তন সভাপতি ডঃ অমিতাভ মূখার্জী ও বর্তমান সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী মহাশয়। অনুষ্ঠান শেষে, উপস্থিত সকলকে মিষ্টিমুখ করানোর পর, এই সন্ধ্যার শুভ সমাপ্তি ঘটে।

গত ১৫ই এপ্রিল, আন্তর্জাতিক বিশ্ব শিল্প দিবস উপলক্ষ্যে, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন এবং ষ্টুডিও 4 এর যৌথ উদ্যোগে, বঙ্গসংস্কৃতি ভবনের মুক্তধারা গ্যালারিতে, একটি আর্ট ক্যাম্প এবং আর্ট টক (আর্ট ডায়ালগ) আয়োজন করা হয়েছিল। এই অনুষ্ঠানটির পরিকল্পনা এবং সমন্বয়ে ছিলেন মৈত্রেয় কুমার, শাশ্বতী চৌধুরী, শুভ্রা চাঁদ এবং নীতিক্ষা দাওয়ার। শিল্প শিবিরে দশজনেরও বেশি শিল্পীরা উৎসাহী অংশগ্রহণের মাধ্যমে, শিল্প তৈরি, সহযোগিতা বৃদ্ধি এবং সৃজনশীল বিনিময়ে নিযুক্ত ছিলেন। এছাড়া শিল্পীদের ভূমিকা এবং একজন শিল্পীর যাত্রার বিবর্তন সম্পর্কে অন্তর্দৃষ্টিপূর্ণ দৃষ্টিভঙ্গির প্রতিফলন, সাংস্কৃতিক আখ্যান গঠনে শিল্পের প্রাসঙ্গিকতার উপর ভিত্তি করে গড়ে ওঠে যা উপস্থিত দর্শকদের গভীর ভাবে অনুপ্রাণিত করে। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে, ‘আর্ট টক’ শীর্ষক একটি চিন্তা-উদ্দীপক অধিবেশন অনুষ্ঠিত হয়। ফেবার ক্যাসেল এবং বিমলা আর্ট ফোরামের সহযোগিতায় এই অনুষ্ঠানটির সফল আয়োজনে, সৃজনশীলতা এবং শৈল্পিক প্রকাশ উদযাপনে, একটি সম্মিলিত প্রচেষ্টার উত্থাপন করা সম্ভব হল।

গত ২৬শে এপ্রিল, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন এবং ইন্দিরাপুরমের প্রান্তিক কালচারাল সোসাইটির যৌথ উদ্যোগে, বঙ্গসংস্কৃতি ভবনের মুক্তধারা মঞ্চে, ‘নৃত্য প্রবাহ’ শীর্ষক একটি দুর্দান্ত সন্ধ্যাবাসরে, রাজধানী দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের, এই প্রজন্মের এক ঝাঁক প্রতিভাবান নৃত্যশিল্পী তাঁদের সেরা পরিবেশনা তুলে ধরলেন, হলভর্তি নৃত্যপ্রেমী দর্শকের কাছে। ভারতীয় নৃত্যের এই উপাসনা সন্ধ্যায়, বিদুষী শাশ্বতী সেন, বিদুষী ভাস্বতী মিশ্র, বিদুষী কবিতা দ্বিবেদী এবং পন্ডিত কৃষাণ মোহন মহারাজ-এর মতো গুরুদের, উজ্জ্বল উপস্থিতিতে, ঐতিহ্য এবং রূপান্তরের এই বিশাল টেপেস্ট্রিতে, বিভিন্ন ধারার নৃত্যের চিরন্তন স্পন্দন প্রতিধ্বনিত হতে দেখে এক অনাবিল আনন্দ উপভোগ করার সুযোগ পেলেন রাজধানী দিল্লির সংস্কৃতিপ্রেমী মানুষেরা।

গত ৪ঠা মে, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের বিশেষ উদ্যোগে, গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে, মান্ডি হাউসের সন্নিকটে কোপারনিকাস




মার্গের রবীন্দ্র ভবন প্রাঙ্গণে, আমরা প্রতিবছরের ন্যায় এবছরেও, ঐতিহ্যবাহী প্রভাতী প্রভাতী অনুষ্ঠানের আয়োজন করেছিলাম। রাজধানী দিল্লী শহরের সর্ববৃহৎ এই প্রভাতী অনুষ্ঠানে, প্রায় শতাধিক মানুষের আনন্দমূখর অংশগ্রহণে, গান, কবিতা, নৃত্য, নাট্যাংশ বা পাঠে সেদিনের সকাল মুখরিত হয়ে উঠেছিল।

## শোক সংবাদ

গত ২৮ শে এপ্রিল, দিল্লির একজন কর্মনিষ্ঠ নাট্যকর্মী, কমলেশ বোস (ফোটে দা) এর প্রয়ানে, দিল্লির সংস্কৃতিমহলে শোকচ্ছায়া নেমেছে। তিনি দিল্লির নাট্যদল, অগ্রগামী সংঘের গোড়াপত্তনের সময় থেকে যুক্ত থাকার পাশাপাশি, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজ,ব্যাকড্রপ প্রভৃতি সংস্থার সাথে নানা কর্মকান্ডে যুক্ত ছিলেন। শোনা যায়, সত্তর দশকে তিনি দিল্লির কোটলা মুবারকপুরে থাকাকালীন, অভিনেতা শ্রী সব্যসাচী চক্রবর্তীর স্বর্গীয় পিতা জগদীশ চক্রবর্তীর চলন্তিকা ক্লাবে একনিষ্ঠ

সদস্য হিসাবে যুক্ত ছিলেন। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওনার বিদেহী আত্মার শান্তি কামনা এবং ওনার পরিবারের প্রতি সমবেদনা রইলো।


## আনন্দ সংবাদ

দেবদ্যুতি মুখার্জী, রাজধানী দিল্লির এক প্রতিভাবান তরুণী নৃত্যশিল্পী যিনি এই বছর দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষা দিয়েছেন এবং ফলাফলের জন্য অপেক্ষা করছেন। পড়াশোনার সাথে ওডিসি নৃত্যের প্রতি অগাধ ভালোবাসা থাকায়, তিনি সঙ্গীত নাটক একাদেমির পুরস্কার বিজয়ী নৃত্যশিল্পী শ্রীমতী রঞ্জনা গওহর এর কাছে, ওডিসি নৃত্যের তালিম নিচ্ছেন। নৃত্যের সাথে অভিনয়েও ওনার বিশেষ দৃষ্টি রয়েছে তাই তাঁর একান্ত ইচ্ছে, তিনি আগামীতে ন্যাশনাল স্কুল অফ ড্রামাতে ভর্তি হতে চান। সম্প্রতি দিল্লির সাকেতের অ্যামিটি ইন্টারন্যাশনাল স্কুলে, বার্ষিক দিবস উদযাপনের সময়, দেবদ্যুতি, 'সাংস্কৃতিক ও পরিবেশনা' শিল্পের জন্য 'অমিতা চৌহান এক্সেলেন্সি অ্যাওয়ার্ড' পুরস্কারে ভূষিত হয়েছেন। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে, দেবদ্যুতির জন্য অজস্র শুভকামনা জানিয়ে ওনার উত্তরোত্তর সাফল্য কামনা করি।

রাজধানী দিল্লির রাইসিনা বেঙ্গলী স্কুলের নবম শ্রেণীর ছাত্র সৌমদীপ বাসুরি, সম্প্রতি টাটা ফুটবল একাডেমিতে ফুটবল খেলোয়াড় নির্বাচনে, ৮৫০ জন প্রতিযোগীর মধ্যে সেরা ১৯ জন খেলোয়াড় হিসাবে নির্বাচিত হয়েছেন। সৌম্যদীপ, বাইচুং ভুটিয়া একাডেমিতে অনুশীলন করতেন। প্রসঙ্গত উল্লেখ্য, ঝাড়খণ্ডের জামশেদপুরে অবস্থিত এবং টাটা স্টিলের পৃষ্ঠপোষকতায় গঠিত, টাটা ফুটবল একাডেমি (টাটা এফএ বা টিএফএ) দেশের অন্যতম বিখ্যাত এবং শীর্ষস্থানীয় একটি ফুটবল একাডেমি। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে, সৌম্যদীপের জন্য অজস্র শুভকামনা জানিয়ে ওনার উত্তরোত্তর সাফল্য কামনা করি।

## বিশেষ সংবাদ

বাংলা নববর্ষের আগমনে, দেওয়ালের পুরনো ক্যালেন্ডার বদলে গিয়ে ১৪৩২-এর নতুন ক্যালেন্ডার স্থান পাওয়ার সাথে সাথে, নতুন ক্যালেন্ডারের তারিখ গুলো, অনেক আশা, অনেক স্বপ্ন পূরণের অঙ্গীকার নিয়ে আমাদের মাঝে উপস্থিত হয়। নতুন বছরকে স্বাগত জানাতে, মাতৃমন্দির লাইব্রেরী ঘরে বসেছিল 'বঙ্গ সংস্কৃতির আসর'। আসরের নিয়ম মেনেই 'বাংলার মাটি বাংলার জল' গানটি


রবীন্দ্র জয়ন্তী উপলক্ষে
প্রভাতী অনুষ্ঠান
৪ঠা মে, ২০২৫ রবিবার
সকাল ৬-৩০ টায়
রবীন্দ্র ভবন প্রাঙ্গণ
মাণ্ডি হাউস
"Thou hast made me endless,
such is thy pleasure.
This frail vessel thou emptiest again and again,
and fillest it ever with fresh life.
This little flute of a reed
thou hast carried over hills and dales,
and hast breathed though it melodies eternally new.
At the immortal touch of thy hands
my little heart loses its limits in joy
and gives birth to utterance ineffable."
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
41ST YEAR CELEBRATION
Rabindra Jayanti Celebration
RABINDRA BHAWAN LAWNS
MANDI HOUSE, NEW DELHI
4TH MAY 2025, SUNDAY
6:30 AM ONWARDS
YOU'RE CORDIALLY INVITED
আমার প্রানের মানুষ
আছে প্রানে




দিয়ে আসর শুরু হয়েছিল। বিশিষ্ট বাঙালি চিত্রকর যামিনী রায় সম্পর্ক বক্তব্য রাখার সাথে সাথে বিভিন্ন স্বাদের কবিতা, গানে ও গল্প পাঠের মাধ্যমে নতুন বছরকে স্বাগত জানান হয়। আসরে উপস্থিত সুধীবৃন্দের মধ্যে যাঁরা এমাসে জন্মগ্রহণ করেছিলেন, তাঁদেরকে একটি লাল গোলাপ দিয়ে, সুস্থ, দীর্ঘ ও সফল জীবন কামনা করা হয়। প্রতিবারের মতোই বিদগ্ধ শ্রোতাদের উপস্থিতি আসরকে উজ্জ্বলতর করে তোলে। আসরের নিয়ম মেনে 'মোদের গরব মোদের আশা' গানটি সমবেত কণ্ঠে গাওয়ার পর, আসরের সমাপ্তি ঘোষণা করা হয়।

গত ২০শে এপ্রিল, দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির সৌজন্যে 'সহচরী' আয়োজিত 'বর্ষবরণ ১৪৩২' চিত্তরঞ্জন পার্ক সংলগ্ন চিত্তরঞ্জন ভবনে অনুষ্ঠিত হয়েছে। এবারের এই বিশেষ অনুষ্ঠানে, সহচরী পরিবার আন্তরিক সংবর্ধনা জ্ঞাপন করল অনুষ্ঠানের বিশেষ অতিথি শ্রদ্ধেয় শ্রী সিদ্ধার্থ দাশগুপ্ত, শ্রীমতী মঞ্জু মৈত্র, শ্রীমতী সুস্মিতা চক্রবর্তী এবং ডঃ শ্রীমতী জয়ন্তী দত্তকে। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বহু মান্যগণ্য ব্যক্তিত্ব যাদের গৌরবময় উপস্থিতিতে সন্ধ্যাটি অত্যন্ত মনোজ্ঞ ও সমৃদ্ধ হয়ে উঠেছিল। সহচরীদের উপস্থাপনায়, 'নববর্ষ - এক বর্ণময় বর্ষবরণ' শীর্ষক অনুষ্ঠানের মূল প্রতিপাদ্য ছিল 'বৈচিত্র্যের মাঝে ঐক্য'।

ভাষ্য, কবিতা, সঙ্গীত ও নৃত্য পরিবেশনার মাধ্যমে, ভারতের পূর্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণের নানা ভাষা, সংস্কৃতি ও ঐতিহ্যের অন্তর্নিহিত ঐক্যকে তুলে ধরা হয়। এই সাংস্কৃতিক বর্ণচ্ছটার ক্যানভাসে সহচরী শিল্পীদের পাশাপাশি সাম্পান, বন্দীশ কথক, শিঞ্জন ডান্স অ্যাকাডেমী, নৃত্যাঙ্গনা এবং নক্ষত্র ডান্স অ্যাকাডেমী অংশগ্রহণ করেন। তবলা সঙ্গতে জ্যোতির্ময় ঘোষ, এবং মন্দিরায় তমোঘ্ন বিভু ঘোষ অংশ নিয়েছিলেন।

গত ২০ এপ্রিল, পয়লা বৈশাখ উপলক্ষ্যে, পূর্ব দিগন্ত ফাউন্ডেশনের বিশেষ উদ্যোগে, রাজধানী দিল্লি সংলগ্ন, নয়ডা সেক্টর ২৬ সংলগ্ন রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনে, আর্থিকভাবে দুর্বল এবং অসহায় শিশুদের জন্য, কমিউনিটি মধ্যাহ্নভোজনের আয়োজন করা হয়েছিল। সেই শুভদিনে, এই স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যগণ, রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনের অতিথি শিশুদের সাথে এক পংক্তিতে বসে, ভোজন করার অনন্য অভিজ্ঞতা অর্জন করলেন। সংস্থার এই মহতী উদ্যোগে, বেশ কিছু সহৃদয় ব্যক্তি উপস্থিত থেকে, অনুদান সহায়তার মাধ্যমে এই কর্মকান্ডের ভূয়সী প্রশংসা করলেন।



## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের বিগত সাংস্কৃতিক সংবাদ

গত ১৭ এপ্রিল সন্ধ্যায়, স্প্রিং ফেস্টিভ্যাল উদযাপন অনুষ্ঠানে, ইন্ডিয়ান ইন্টারন্যাশনাল সেন্টারের সিডি দেশমুখ অডিটোরিয়ামে, একক ওড়িশি নৃত্য পরিবেশনা করেন বর্ষা দাসগুপ্ত। ওনার এই পরিবেশনে সহযোগিতায় ছিলেন, পধান্তে গুরু অভিমন্যু লাল, তবলায় শ্রী যোগেশ গঙ্গানী, কণ্ঠে শ্রী সামিউল্লাহ খান, পাখোয়াজে শ্রী আশীষ গঙ্গানী এবং সেতারে শ্রী সেলিম কুমার।

গত ১৮-২০ এপ্রিল, দিল্লির বঙ্গসংস্কৃতি ভবনের মুক্তধারা প্রেক্ষাগৃহে, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে, তিনদিন ব্যাপী, 'বাংলা সঙ্গীত মেলা'র আয়োজন করা হয়েছিল। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে, রেসিডেন্ট কমিশনার উজ্জয়িনী দত্ত, ডেপুটি রেসিডেন্ট কমিশনার ডঃ শাশ্বত দাঁ, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলী সহ অন্যান্য কর্মকর্তাগণ প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে, অনুষ্ঠানের শুভসূচনা করেন। তিনদিন ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানে, বিভিন্ন স্বাদের সঙ্গীত পরিবেশন করলেন কলকাতা ও দিল্লির জনপ্রিয় সঙ্গীতশিল্পী ও নৃত্যশিল্পীরা। উদ্বোধনী অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করেন, দিল্লির শিঞ্জন নৃত্যগোষ্ঠী এবং তারপর সঙ্গীত পরিবেশনে ছিলেন, দিল্লির একমাত্র বাংলা ব্যান্ড, সৌর ও বন্ধুরা। অন্য দুই দিনের সঙ্গীত সন্ধ্যায়, কলকাতার জনপ্রিয় সঙ্গীত শিল্পীরা যথাক্রমে, ইন্দ্রনীল সেন, মিস জোজো, সুরজিৎ চট্টোপাধ্যায়, অরিত্র দাসগুপ্ত, তৃষা পাড়ুই এবং ঐতিহ্য রায়, অনবদ্য সঙ্গীত পরিবেশনে, রাজধানী দিল্লির সঙ্গীতপ্রেমী মানুষদের মনজয় করে ফেলেন।

গত ২৬শে এপ্রিল, শনিবার সন্ধ্যায়, আনন্দধ্বনি, গুরগাঁও এর উদ্যোগে, বাংলা সংস্কৃতি উদযাপনে, কয়েক দশক ধরে চিরসবুজ আধুনিক বাংলা গান পরিবেশনের মাধ্যমে, বর্ষবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। এই বিশেষ সন্ধ্যায় প্রধান আকর্ষণ হিসাবে অনুষ্ঠিত হয়েছিল নাটক চৌকাঠ।

গত ২৬শে এপ্রিল, শনিবার সন্ধ্যায়, গুরুগ্রামের আরাবল্লী বেঙ্গলী কালচারাল সোসাইটি আয়োজিত 'বর্ষবরণ ১৪৩২' অনুষ্ঠান সম্পন্ন হয়েছে GLS, সোহনা কমিউনিটি হল প্রাঙ্গণে। এই বর্ণাঢ্য সাংস্কৃতিক সন্ধ্যায়, স্থানীয় গুণী এবং জনপ্রিয় শিল্পী সমারোহে এই অনুষ্ঠান দুর্দান্ত ভাবে সফল হয়েছে।

গত ৩রা মে শনিবার, সন্ধ্যায়, দিল্লির চিত্তরঞ্জন পার্কের বিপিন চন্দ্র পাল মিলনায়তনে, একটি মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করেছিলেন, দিল্লির প্রতিষ্ঠিত গানের দল সপ্তক। 'আমার রবি রাগে অনুরাগে', 'মিলেমিশে Mush-

*"Dedicated to serving the society
through collaborative efforts
with artists and groups to preserve, strengthen
and promote the rich diversity
of our cultural heritage"*

Up' এবং 'ভারতীয় গণনাট্য সংঘের গান', এই তিন পর্যায়ে সেদিনের সন্ধ্যা মুখরিত হয়েছিল অগণিত দর্শকের উপস্থিতিতে।

## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের আগামী সাংস্কৃতিক সংবাদ

আগামী ৮ মে, দিল্লির সাঁঝবাতি ফাউন্ডেশন এবং PeSuEv-এর যৌথ উদ্যোগে রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৪তম জন্মবার্ষিকী উদযাপনে, কবিগুরুর জনপ্রিয় 'ঘরে বাইরে' উপন্যাস থেকে অনুপ্রাণিত একটি হিন্দি নাটক 'ঘর অউর বাহার' মঞ্চস্থ হতে চলেছে মান্ডি হাউস সংলগ্ন LTG অডিটোরিয়ামে। নাটকটির নির্দেশনা করেছেন দিল্লির জনপ্রিয় অভিনেতা ও পরিচালক শুদ্ধ ব্যানার্জী। উৎসাহী দর্শকেরা বুক মাই শো-তে ভিজিট করে, প্রবেশপত্র সংগ্রহ করে নিতে পারেন।

আগামী ৯ই মে শুক্রবার সন্ধ্যায়, চিত্তরঞ্জন পার্ক কালী মন্দির সোসাইটির উদ্যোগে, কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সাংস্কৃতিক সন্ধ্যায়, যে সমস্ত জনপ্রিয় সঙ্গীতের দলগুলি অংশ নেবেন, তাঁরা হলেন, সক্ষম (KMS), রবিগীতিকা, ঝর্ণাধারা, সপ্তক এবং সঞ্জাত।

আগামী ৯ মে সন্ধ্যায়, রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষ্যে, জহরলাল নেহেরু ইউনিভার্সিটির কেসি মুক্তমঞ্চে, বাউল ও রবীন্দ্রনাথ শীর্ষক একটি মনোজ্ঞ সঙ্গীত সন্ধ্যায়, দিল্লির জনপ্রিয় বাউল শিল্পী শম্ভুনাথ সরকার এবং ওনার দল, সঙ্গীত পরিবেশন করবেন।

আগামী ১০ই মে সন্ধ্যায়, অশোকা মিউজিক অ্যাকাডেমির বিশেষ উদ্যোগে, দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটি প্রেক্ষাগৃহে, কবি প্রণাম 'মুক্তি ও পথ প্রদর্শক' শীর্ষক একটি মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। দ্বীপান্বিতা রায়মুন্সীর চিত্রনাট্য ও পরিকল্পনায়, সঙ্গীত পরিচালনা করেছেন সমর চক্রবর্তী, আবৃত্তি পাঠে থাকবেন পূর্ণেন্দু ভট্টাচার্য এবং নৃত্য পরিচালনায় অংশ নেবেন মানসী (বিউ) দত্ত। রাজধানী অঞ্চলের একঝাঁক শিল্পীর অংশগ্রহণে এই অনুষ্ঠানে সকলকে স্বাগত জানানো হয়েছে।

আগামী ১০ মে, শনিবার সন্ধ্যায়, বিবেকানন্দ বিহারের উপস্থাপনায়, বর্ষা বরণ ও রবীন্দ্র জয়ন্তী উপলক্ষ্যে, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অভিনয়ক্ষেত্র ভারতনাট্যম স্কুলের শিক্ষার্থীদের নৃত্য পরিবেশনা, অলোকা বোসের কবিতা আবৃত্তি এবং সঙ্গীতাঙ্গনের রবীন্দ্র সঙ্গীত পরিবেশিত হবে।

আগামী ১৪ই মে, সেন্ট্রাল নয়ডা পূজা কমিটি'র (CNPC) উদ্যোগে, সন্ধ্যা সাড়ে ছ'টায়, নয়ডা সেক্টর ৭৮ স্থিত, আদিত্য হল, মহাগুন মডার্ন ক্লাবে, রবীন্দ্রজয়ন্তী

উপলক্ষ্যে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। নানাবিধ অনুষ্ঠান সহ, উৎপল সরকারের সংগীতায়োজনে একটি শ্রুতিনাটক, গোধূলি বেলায় অনুষ্ঠিত হবে। কস্তুরী দাশ ঠাকুরের চিত্রনাট্য ও পরিচালনায়, শ্রুতিনাটকটি মঞ্চস্থ করবেন, লগ্না চৌধুরী এবং অপূর্ব সরকার। উদ্যোক্তাদের তরফ থেকে, উৎসাহী সকলকে আন্তরিক আমন্ত্রণ জানানো হয়েছে।

আগামী ১৭ মে, শনিবার বিকেলে, দেহলিজ বহুভাষিক পত্রিকার ১৫তম সংখ্যা উন্মোচন এবং একটি কবিতা সন্ধ্যার আয়োজন হতে চলেছে, পোর্টা কেবিন, ডিডিএ ফ্ল্যাট, দ্বারকা, সেক্টর-১ নিউ দিল্লি (থানার পাশে) সমগ্র অনুষ্ঠানটির আয়োজনে রয়েছে, দেহলিজ, বেঙ্গলী কলোনী, মহাবীর এনক্লেভ, নিউ দিল্লি

আগামী ২৫শে মে, দিল্লির লোধি রোড সংলগ্ন, ইন্ডিয়ান ইন্টারন্যাশনাল সেন্টারের সিডি দেশমুখ অডিটোরিয়ামে, দিল্লির যাপনচিত্র নাট্যগোষ্ঠীর আয়োজনে দুটি একাঙ্ক নাটক অনুষ্ঠিত হবে। প্রথম নাটক, পুনের অগ্নি মিত্রের প্রযোজনায় 'প্রান্তিক' যার কাহিনীকার হলেন গৌতম মুখোপাধ্যায়। নাট্যরূপ, আবহ, এবং নির্দেশনা করেছেন ঝুলন মুখোপাধ্যায়। সেদিনের সন্ধ্যায়, দ্বিতীয় নাটক 'পাপ' মঞ্চস্থ করবেন, যাপনচিত্র। সমরেশ বসুর কাহিনী অবলম্বনে নাট্যরূপান্তর করেছেন সুমন টিঙ্কু এবং নির্দেশনায় আছেন সুহান বসু। আমন্ত্রণমূলক প্রবেশপত্র সংগ্রহের জন্য উৎসাহীরা, উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

আগামী ১ জুন, রবিবার সন্ধ্যায়, মুক্তধারা অডিটোরিয়ামে, দিল্লির বিশিষ্ট নাট্যদল, প্রারম্ভ নাট্যগোষ্ঠী, তাঁদের প্রযোজিত পূর্ণ দৈর্ঘ্যের বাংলা নাটক 'দাগ' মঞ্চস্থ করবেন। উৎসাহী নাট্যপ্রেমীরা, আমন্ত্রণমূলক প্রবেশ পত্রের জন্য, উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

## একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরাজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল (associationsangbad@gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রোজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।

আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?

অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
**+91 7303400554**
ইমেলঃ
**bengalassociation1819@gmail.com**

**www.bengalassociation.com**

অঙ্কুর BENGAL ASSOCIATION বেঙ্গল অ্যাসোসিয়েশন NEW DELHI ankur



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION,
PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR
**'ANKUR'** OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR
FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE
THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!

Paytm
Accepted Here
Paytm से UPI
UPI & Wallet | Paytm Postpaid | UPI

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH
TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE.
IN ORDER TO OBTAIN A RECEIPT
PLEASE SHOW THE SCREEN SHOT
OF THE TRANSACTION AT
BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G




**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**